

নম্বর ৩৭.০৫.০০০০.০১১.২৭.০০১.২২.১২২

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৯

০৪ আগস্ট ২০২২

ই-রিকুইজিশন সংক্রান্ত সময় বর্ধিতকরণ বিজ্ঞপ্তি

সূত্রঃ শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং: ৫৭.০০.০০০০.০৫৫.৩.০০১.২২-৬৪

তারিখঃ ০৩/০৮/২০২২

এতদ্বারা সংশ্লিষ্ট সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি) প্রধানের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে অনলাইনে MPO শূন্য পদের অধিযাচন (e-Requisition) প্রদান করার সময় ০৭/০৮/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। বেসরকারি প্রতিষ্ঠানসমূহের আবেদনের প্রেক্ষিতে এবং মাদ্রাসায় পূর্বের জুনিয়র মৌলভী পদ বর্তমানে ইবতেদায়ী মৌলভী এবং পূর্বের জুনিয়র শিক্ষক (সাধারণ) বর্তমানে ইবতেদায়ী শিক্ষক পদসহ অন্যান্য পদে অধিযাচন দেয়ার সুবিধার্থে শূন্য পদে অধিযাচন (e-Requisition) প্রদানের সময়সীমা আগামী ১৪/০৮/২০২২ খ্রি: তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত নির্দেশক্রমে বর্ধিত করা হলো।

২। যে সকল মাদ্রাসা ইবতেদায়ী মৌলভী এবং ইবতেদায়ী শিক্ষক পদ ব্যতীত ইতোমধ্যে e-Requisition কার্য সম্পন্ন করেছেন, সে সকল মাদ্রাসা (e-Requisition) সংশোধন (Edit) করার সময় উক্ত ২টি পদে চাহিদা (e-Requisition) প্রদান/সংশোধন করতে পারবেন। উল্লেখ্য, e-Requisition প্রদানের সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানকে e-Requisition সংশোধন (Edit) করার জন্য সময় দেয়া হবে।

৫৫

৪-৮-২০২২

কাজী কামরুল আহছান

পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)

ফোন: ০২-৪১০৩০১২১

ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯

ইমেইল: director_pedagogy@ntrca.gov.bd

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
- ২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
- ৩) মহাপরিচালক , মাদরাসা শিক্ষা অধিদপ্তর
- ৪) ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড
- ৫) জেলা শিক্ষা অফিসার (সকল)
- ৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,(সকল)
- ৭) সহকারী প্রোগ্রামার , আইসিটি সেল , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ
- ৮) পি.এ টু চেয়ারম্যান , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।